

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
এনসিএসটি সেল ও বঙ্গবন্ধু ফেলোশিপ ট্রাস্ট  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং-৩৯.০০.০০০০.০৩৫.০২.০০৭.১৯. ২৫০

তারিখ : ১১ চৈত্র ১৪২৫  
২৫ মার্চ ২০১৯

বিষয়: বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহকে আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সাধারণ নীতিমালা-  
২০১৯ (সংশোধিত):

১। সংক্ষিপ্ত শিরোনামঃ সরকারী বেসরকারী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞান ক্লাবসমূহের কর্মতৎপরতা আরো গতিশীল এবং বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়নের লক্ষ্যে সুনির্দিষ্ট নীতিমালার মাধ্যমে এদেরকে আর্থিক সহায়তা প্রদানের কার্যক্রম গ্রহণ করেছে। এ নীতিমালা বিজ্ঞান বিষয়ে শিক্ষাদানকারী বেসরকারী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান এবং বিজ্ঞান ক্লাবসমূহে বার্ষিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা নামে অভিহিত হবে।

২.০। অনুদান প্রদানের শর্তাবলী:

আর্থিক অনুদান প্রাপ্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান ( বিজ্ঞান বিভাগের অনুমোদন প্রাপ্ত)/ বিজ্ঞান ক্লাবকে যে সকল শর্ত পালন করতে হবে:

- ২.১। বাংলাদেশ সরকারের শিক্ষা বোর্ডসমূহের স্বীকৃতিপ্রাপ্ত (বিজ্ঞান বিভাগের) বিধিবদ্ধসংস্থার রেজিস্ট্রেশন, অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন থাকতে হবে।
- ২.২। আর্থিক অনুদান প্রাপ্তির জন্য উপজেলা নির্বাহী কর্মকর্তা (UNO) এর প্রত্যয়ন নিতে হবে।
- ২.৩। ক্লাব/শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব কার্যালয় থাকতে হবে;
- ২.৪। প্রত্যেক ক্লাব/প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বছরের নিয়মিত প্রকাশনা, সম্মেলন, সিম্পোজিয়াম, কর্মশালা বা প্রদর্শনীর আয়োজন সম্পর্কে তথ্যাদি পেশ করতে হবে;
- ২.৫। ক্লাব/প্রতিষ্ঠানের অনুমোদিত গঠনতন্ত্র থাকতে হবে;
- ২.৬। গঠনতন্ত্র অনুযায়ী ক্লাব/ প্রতিষ্ঠানের নিয়মিত সভা অনুষ্ঠানের প্রমাণাদি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- ২.৭। ক্লাব/প্রতিষ্ঠানের নিয়মিত আয়ের উৎস থাকতে হবে;
- ২.৮। “আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানের জন্য বাংলাদেশের যে কোন তফসিলি ব্যাংকে একটি হিসাব থাকতে হবে এবং মাসভিত্তিক গচ্ছিত অর্থের ব্যাংক সার্টিফিকেট দাখিলের নিশ্চয়তা প্রদানসহ এ মর্মে একটি সনদপত্র / অঙ্গীকারনামা আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে;
- ২.৯। অভ্যন্তরীণ অডিট রিপোর্টসহ বার্ষিক আয়-ব্যয়ের বিবরণী দাখিল করতে হবে;
- ২.১০। অন্যান্য উৎস হতে প্রাপ্ত সরকারী অনুদানের বিবরণ দাখিল করতে হবে;
- ২.১১। বিগত অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত অনুদানের ব্যয় বিবরণীও দাখিল করতে হবে।

৩.০। প্রাপ্ত অনুদান ব্যবহারের শর্তাবলীঃ

- ৩.১। অনুদান প্রদানের জন্য মনোনীত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান/বিজ্ঞানক্লাব অনুদানের অর্থে কোন অবস্থাতেই সেই প্রতিষ্ঠানের কোনো ভৌত অবকাঠামো নির্মাণ করতে পারবে না বা অবকাঠামো নির্মাণে কোন সামগ্রী/সরঞ্জামাদি ক্রয় করতে পারবে না;
- ৩.২। অনুদানের অর্থ কোন অবস্থাতেই সেই প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি/সম্মানী প্রদান এবং অফিস পরিচালনার জন্য ব্যয় করতে পারবে না;

